সমাজবিজ্ঞান - প্রথম পত্র
(প্রাথমিক সমাজবিজ্ঞান)

বিষয় কোড | 1 | 1 | 7 |

সময়- ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান- ৬০

[দ্রষ্টব্য ঃ- ৯ (নয়) টি প্রশ্ন থেকে ৬ (ছয়) টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

## ক বিভাগ - সৃজনশীল প্রশ্ন

১। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দুই ঘনিষ্ঠ বন্ধু পিয়াশ এবং পলাশ যথাক্রমে সমাজবিজ্ঞান ও অর্থনীতিতে বি.এস.এস অনার্সের মেধাবি ছাত্র। সার্বিক আলোচনায় তারা একমত হয় যে সমাজবিজ্ঞান ও অর্থনীতি বিষয় দুইটি একে অপরের সম্পর্ক যুক্ত।

ক. Socious শব্দটির অর্থ কী ? ১
খ. সমাজবিজ্ঞানের সংজ্ঞা দাও। ২
গ. সমাজবিজ্ঞানের বিষয়বস্তু আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক পিয়াশ ও পলাশের মতামতের সঙ্গে তুমি কী একমত ? বিশ্লে ষণ কর। ৪

২। ঢাকার এক পোশাক কারখানায় রাহেলা দীর্ঘদিন যাবৎ কাজ করে। রাহেলাদের পরিশ্রমে উৎপাদিত পোশাক বিদেশে রপ্তানি করে কারখানার মালিক এখন প্রচুর অর্থ সম্পদের মালিক। কিন্তু রাহেলা তার কর্মের ন্যায্য মজুরী পায়না, ফলে তাকে মানবেতর জীবন যাপন করতে হয়।

ক. Capital গ্রন্থটির লেখক কে ? ১
খ. সমাজ পরিবর্তনে কার্ল মার্কস কোন বিষয়ের ওপর সর্বাধিক গুরু ত্ব দিয়েছেন? ২
গ. মার্কস বর্ণিত পুঁজিবাদী সমাজের বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক রাহেলা পুঁজিবাদী সমাজের শ্রেণী শোষণের শিকার- এ সম্পের্কে তোমার যুক্তি বিশ্লে ষণ কর। ৪


৩। কাফি সাহেব ছেলের বিয়ের প্রস্তাব নিয়ে তাঁর বন্ধু রাফি সাহেবের বাড়ি যান। আপ্যায়নের এক পর্যায়ে বলেন, পাত্র চাকুরিজীবী ৩০,০০০/- টাকা বেতন পায় এবং উপরি আয়ও অনেক। ঢাকায় একটা ফ্লাটও কিনেছে। তোমার মেয়ে বেশ শুখেই থাকবে। রাফি সাহেব প্রস্তাব প্রত্যাক্ষান করে মেয়েকে সৎ পাত্রে পাত্রস্থ করবেন বলে বন্ধুর নিকট ক্ষমা চান।

ক. সমাজবিজ্ঞানের কেন্দ্রীয় প্রত্যয় কী ? ১
খ. অবশ্য পালনীয় লোকরীতি বলতে কি বুঝায় ? ২
গ. রাফি সাহেবের বিয়ের প্রস্তাব প্রত্যাখ্যান সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের সাথে সম্পর্কযুক্ত, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সুষ্ঠু সামাজিকীকরণের অভাবই কাফি সাহেবের এধরনের প্রস্তাব দেয়ার কারণ বলে তুমি মনে কর কী ? মূল্যায়ন কর। ৪

http://ebd24.com
Copyright@ Md Sh

৪। 


ছক - ক




ছক - খ

ক. সমাজ জীবনে মৌলিক প্রভাব বিস্তারকারী চারটি উপাদান কী কী ? ১

খ. বংশগতি বলতে কী বুঝায় ? ২

গ. উদ্দীপকের 'ক' ছকে সমাজ জীবনে প্রভাব বিস্তারকারী কোন কোন উপাদান নির্দেশ করা হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর 'ক' ও 'খ' ছকের বর্ণিত উপাদান সমূহ সমাজে একে অপরের পরিপূরক ? বিশ্লে ষণ কর। ৪

৫। লিমনরা দুই ভাইবোন। তারা তাদের বাবা-মা, দাদা-দাদি, চাচা-চাচীর সঙ্গে একই অন্নে বসবাস করে। বাবা এবং চাচার আয় থেকে তাদের সংসারের ভরণ পোষণ চলে।

ক. আকারের ভিত্তিতে পরিবার কত প্রকার ? ১

খ. জ্ঞাতি সম্পর্ক বলতে কী বুঝায় ? ২

গ. উদ্দীপকে কোন ধরনের পরিবারের কথা বলা হয়েছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে লিমনদের পরিবারের মৌলিক ভূমিকা সমাজে আজও গুরু ত্বপূর্ণ, এসম্পর্কে তোমার মতামত বিশ্লে ষণ কর। ৪

৬। ময়নুল একজন কৃষি শ্রমিক। তাঁর ছেলে একজন বিশেষজ্ঞ ডাক্তার এবং অধ্যাপক। সমাজে তাঁর চিকিৎসক হিসেবে যথেষ্ট সুনাম রয়েছে। এজন্য তাঁর বাবা বেশ গর্ববোধ করেন।

ক. সামাজিক স্তরবিন্যাস কী ? ১

খ. সামাজিক শ্রেণী বলতে কী বুঝায় ? ২

গ. ময়নুলের অবস্থান সামাজিক স্তরবিন্যাসের কোন পর্যায়ভূক্ত, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক কৃষি শ্রমিক পিতার ছেলে একজন উচ্চ পদস্থ চিকিৎসক, বর্তমান সমাজের প্রেক্ষাপটে তা বিশ্লে ষণ কর। ৪

Jamal | ebd24.com

http://ebd24.com

৭। প্রখ্যাত অর্থনীতিবিদ অধ্যাপক ড. জাকির হোসেন বিশ্বের পুঁজিবাদী অর্থব্যবস্থা ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা নিয়ে ব্যাপক গবেষণা করে মত প্রকাশ করেন যে, উক্ত দুই অর্থব্যবস্থার মধ্যবর্তী একটি মিশ্র অর্থব্যবস্থা প্রতিষ্ঠা পেলে বিশ্বের মানুষের কল্যাণ বয়ে আসবে।

ক. 'The Communist Manifesto' গ্রন্থটি কার লেখা ? ১

খ. মিশ্র অর্থনীতি বলতে কী বুঝায় ? ২

গ. পুঁজিবাদী অর্থব্যবস্থা ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার মধ্যে পার্থক্য আলোচনা কর। ৩

ঘ. ড. জাকির হোসেনের সঙ্গে তুমি কী একমত যে মিশ্র অর্থব্যবস্থার মাধ্যমে বিশ্বের মানুষের কল্যাণ বয়ে আসবে ? বিশ্লে ষণ কর। ৪

৮। জন্ম থেকে রাসেল একটি বস্তির পরিবেশে বড় হয়। এস.এস.সি পাশ করার পর একটি কোম্পানীতে চাকুরী নেয়। টাকা আত্মস্বাতের অভিযোগে সে চাকুরীচ্যুত হলে একটি মাদক চক্রের সঙ্গে জড়িয়ে পড়ে। ইয়াবা ট্যাবলেট সহ পুলিশের হাতে ধরা পড়লে জেলে যায়।

ক. অপরাধ কী ? ১

খ. বিচ্যুতি বলতে কী বুঝায় ? ২

গ. চাকুরী হাড়ানোর পর রাসেলের অপরাধে জড়িয়ে পড়ার বিষয়টি- ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর যে, রাসেল অপরাধী হওয়ার পেছনে বস্তির পরিবেশই দায়ী? এ সম্পর্কে তোমার মতামত বিশ্লে ষণ কর। ৪

৯। মোস্তফা জব্বার সহ মালতীনগরের কয়েকজন বাসিন্দা উদ্দ্যোগী হয়ে একটি মসজিদ এবং একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। মসজিদে নামাজ অন্তে ইমাম সাহেব নিয়মিত সমাজনীতিমূলক বক্তব্য রাখেন। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পাঠ্যসূচীর পাঠদানের পাশাপাশি নৈতিক শিক্ষার ব্যবস্থা করেন। ফলে বর্তমানে এলাকাটি শহরের অন্যান্য এলাকা থেকে অনেক বেশী শান্তিপূর্ণ এবং নিরাপদ।

ক. ধর্ম কী ? ১

খ. ধর্মের সাধারণ বৈশিষ্ট্যগুলো কী কী ? ২

গ. মালতীনগরের মসজিদ ও বিদ্যালয়ের নৈতিকতা শিক্ষা সে অঞ্চলের শান্তি স্থাপনে সহায়ক হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজে সংহতি ও শান্তিশৃঙ্খলা বজায় কল্পে ধর্মের ভূমিকা অনন্য। বিশ্লে ষণ কর। ৪

http://ebd24.com

সমাজবিজ্ঞান - প্রথম পত্র

(প্রাথমিক সমাজবিজ্ঞান)

বিষয় কোড | 1 | 1 | 7 |

সময়- ৪০ মিনিট

পূর্ণমান- ৪০

## বহুনির্বাচনি প্রশ্ন

১। সমাজবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী ?
ক. সমাজ খ. সম্প্রদায়
গ. সংঘ ঘ. প্রতিষ্ঠান

২। ঐতিহাসিক সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় কোনটি ?
ক. অতীত ও বর্তমানের উদ্ভব ও বিকাশ
খ. বিভিন্ন রাজা মহারাজাদের ইতিহাস
গ. সমাজে ধর্মের উৎপত্তি ও বিকাশ
ঘ. বর্তমান ও অতীত সমাজের অর্থনৈতিক উদ্ভব ও বিকাশ

নিম্নের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।

জয়দেবপুর একটি গ্রামের নাম। গ্রামের অধিকাংশ পরিবার তাঁতী। রানা একটি গবেষণা কর্মে উক্ত গ্রামে গিয়ে তাদের সঙ্গে কথা বলে জানতে পারেন, তাঁত শিল্প নানাবিধ সমস্যায় জর্জরিত। এবং এও জানতে পারেন যে, আশে পাশের গ্রামের তাঁতীরাও একই সমস্যায় রয়েছে।

৩। রানা তার গবেষণায় কোন পদ্ধতি অনুসরণ করেছে ?
ক. নমুনা জরীপ খ. ঘটনা জরীপ
গ. পর্যবেক্ষণ ঘ. অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ

৪। সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রথা ও প্রতিষ্ঠানের বিজ্ঞান। উক্তিটি কার ?
ক. ম্যাক্স ওয়েবার খ. এমিল ডুর্খাইম
গ. হার্বার্ট স্পেনসার ঘ. অগাষ্ট কোঁত

৫। জয়দেবপুর গ্রামের মত অন্যান্য গ্রামেও একই সমস্যা রয়েছে বলার পেছনে যুক্তি-
i গবেষণার ফলাফলের সাধারণীকরণ
ii সমাজবিজ্ঞানের অন্যান্য তত্ত্বের পর্যালোচনা
iii গ্রামবাসীদের থেকে প্রাপ্ত তথ্যের অনুমান
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. i ও ii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৬। কোনটি নৈরাজ্যমূলক আত্মহত্যা-
ক. প্রেমের কারণে সামিয়ার জীবন বিসর্জন
খ. বেকারত্বের যন্ত্রনা থেকে মুক্তি পেতে কাজলের আত্মহত্যা
গ. স্বামীর নির্যাতনের কারণে রুণীর বিষ পানে মৃত্যু
ঘ. বীর শ্রেষ্ঠ মতিউর রহমানের মুক্তিযুদ্ধে জীবন বিসর্জন

৭। কার্লমার্কেসর মতে সমাজ পরিবর্তনের কারণ-
ক. প্রাকৃতিক দুর্যোগ খ. রাজনৈতিক পরিবর্তন
গ. উৎপাদন পদ্ধতির পরিবর্তন ঘ. পুঁজিবাদের বিকাশ

৮। লোকাচার মূলত সামাজিক প্রথা কেননা-
i এটি সমাজে বিদ্যমান ii এর সঙ্গে মূল্যবোধ জড়িত
iii এটি অবশ্যই পালনীয়
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. i ও ii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৯। শ্রেণী সংগ্রামের তত্ত্বটি কে প্রদান করেন ?
ক. ম্যাক্স ওয়েবার খ. কার্ল মার্কস
গ. হার্বার্ট স্পেনসার ঘ. এমিল ডুর্খাইম

নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও।

প্রাসাদ ষড়যন্ত্রের কারণে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলা ক্ষমতাচ্যুত ও নিহত হন। ক্ষমতার পালাবদলে ইংরেজরা শাসনভার গ্রহণ করে।

১০। উদ্দীপকের ঘটনাটি কোন তত্ত্বের আলোকে বিশ্লেষণ করা যায় ?
ক. যান্ত্রিক সংহতি খ. আসাবিয়া
গ. দৃষ্টবাদ ঘ. শ্রেণী সংগ্রাম

১১। উদ্দীপকের ঘটনার সঙ্গে নিম্নের কোন ধরনের পরিবর্তনের সঙ্গে মিল রয়েছে-
i নেপালের শাসনতান্ত্রিক ii ফিফার প্রেসিডেন্ট পদে
iii জাতিসংঘের মহাসচিবের পদের
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. i ও ii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১২। কোনটি আমাদের সমাজের প্রথা-
ক. প্রাতকালীন ব্যায়ম খ. শিক্ষককে সালাম দেওয়া
গ. গায়ে হলুদের অনুষ্ঠান করা ঘ. চা পান করা

১৩। "ত্রয়স্তর" সূত্র কোন সমাজবিজ্ঞানী প্রদান করেন ?
ক. ম্যাক্স ওয়েবার খ. অগাষ্টকোঁত
গ. হার্বার্ট স্পেনসার ঘ. কার্লমার্কস

নিচের উদ্দীপকটি পড় ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।

নিতাই ও নিমাই কিশোরপুর গ্রামের কুমোর পাড়ায় বাস করে। তারা প্রতিদিন বাজারে মাটির হাঁড়ি-কুড়ি বিক্রির পর অন্যদের সঙ্গে আড্ডায় অংশ নেয়।

১৪। নিতাই ও নিমাই কিসের সদস্য ?
ক. সমাজ খ. সমিতি
গ. গোষ্ঠী ঘ. সম্প্রদায়

১৫। অবস্তুগত উপাদান কোনটি ?
ক. বাঁশি খ. গান
গ. পিয়ানো ঘ. গীটার

১৬। "আমরা" মনোভাব কোন গোষ্ঠীর মধ্যে দেখা যায় ?
ক. অন্ত খ. প্রাথমিক
গ. মাধ্যমিক ঘ. উদ্দেশ্যমূলক

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।

গিয়াস একজন নাবিক। সমুদ্রে তাঁর জাহাজ ঝড়ের কবলে পড়লে ডুবে যাওয়ার উপক্রম হয়। নাবিক লাইফ সার্পোটে সমুদ্রে ঝাপ দিয়ে প্রাণে বাঁচতে পারতেন, কিন্তু তিনি তা না করে প্রাণপণ চেষ্টা করে জাহাজটিকে রক্ষা করতে চাইলেও সম্ভব হয়না। অবশেষে যাত্রীদের সঙ্গে তিনিও মারা যান।

১৭। নাবিক গিয়াসের এই মৃত্যু কোন ধরনের আত্মহত্যা ?
i পরার্থমূলক ii আত্মকেন্দ্রীক
iii নৈরাজ্যমূলক
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. i ও ii গ. ii ঘ. i ও iii

১৮। গিয়াসের আত্মত্যাগের বিষয়টি কী প্রকাশ করে ?
i সম্প্রদায়গত মানসিকতার ফল
ii আদর্শ ও মূল্যবোধের বহিঃপ্রকাশ
iii দৃঢ় সামাজিক বন্ধনের পরিচায়ক
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. ii ও iii গ. ii ঘ. i ও iii

১৯। বিভিন্ন এলাকায় ঘরবাড়ির ধরণের ভিন্নতার কারণ কী ?
ক. ধর্মীয় খ. সংস্কৃতিক
গ. ভৌগলিক ঘ. অর্থনৈতিক

Copyright © Md Shah Jamal | ebd24.com

২০। মূল্যবোধ হলো-
ক. চিন্তা ও কর্মের সামাজিক পাঠ নির্দেশিকা
খ. ভাল-মন্দ সম্পর্কে সামাজিক ধারণা
গ. সামাজিদ দায়িত্ব ও ভূমিকা পালন
ঘ. সমাজ কর্তৃক কাঙ্খিত আচরণ-বিধি

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও।

আনিকা ও সারিকা দুই বোন। তারা শহরে বাস করে। সারিকা একজন বিখ্যাত আইনজীবী। আনিকার ছেলে ছিন্তাই করতে গিয়ে ধরা পড়ে। কিন্তু তার খালা সারিকা আইনের ফাঁকে তাকে শাস্তির হাত থেকে রক্ষা করেন।

২১। উদ্দীপকে শাস্তির হাত থেকে রক্ষা পেতে কোন সম্পর্কটি কাজ করেছে ?
ক. জ্ঞাতি খ. সামাজিক
গ. রাজনৈতিক ঘ. অর্থনৈতিক

২২। "শীতল জলবায়ু স্বাধীনতার অনুকূলে" উক্তিটি কার ?
ক. লাপোজ খ. গোবেনো
গ. মন্টেস্কু ঘ. এ্যারিষ্টটল

২৩। বিবাহ নারী পুরুষের মধ্যে কী ধরণের সম্পর্ক প্রতিষ্ঠা করে ?
ক. চুক্তি ভিত্তিক খ. আবেগ ভিত্তিক
গ. স্থায়ী ঘ. ক্ষণস্থায়ী

নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।

মিনহাজুল ও তার স্ত্রী চাকুরিজীবী। মিনহাজুল বিয়ের পর পিতা মাতার সঙ্গে না থেকে স্ত্রীকে নিয়ে শহরে গিয়ে বসবাস করে। বিভিন্ন অনুষ্ঠানে গ্রামের বাড়ী গিয়ে পিতা মাতার সাথে স্ত্রী-সন্তানসহ অংশগ্রহণ করে।

২৪। মিনহাজুলের পরিবার কী ধরনের ?
ক. পিতৃ বাস খ. মাতৃ বাস
গ. নয়া বাস ঘ. মাতুল বাস

২৫। উদ্দীপকের ঘটনার প্রেক্ষিতে বাংলাদেশের পরিবার ব্যবস্থা কোন দিকে ধাবিত হচ্ছে-
i অনুপরিবার ii যৌথপরিবার
iii বর্ধিতপরিবার
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. i ও ii গ. ii ও iii ঘ. i ও iii

২৬। কোনটি বস্তুগত সংস্কৃতি ?
ক. স্বাস্থ্যপ্রযুক্তি খ. ভাষা
গ. শিল্পকলা ঘ. আইন

২৭। পরিবারের মনস্তাত্ত্বিক কাজ কোনটি ?
ক. শিশুর ধর্মীয় শিক্ষা
খ. শিশুর ভারসাম্যপূর্ণ ব্যক্তিত্ব গঠন
গ. শিশুর প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদান
ঘ. শিশুর রক্ষণাবেক্ষণ

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।

উচ্চশিক্ষিত যতীন মুখার্জী পরিবারের নিষেধ সত্ত্বেও সুশিক্ষিত তমালিকা কর্মকারকে বিয়ে করে পরিবারের সাথে একত্রে বসবাস করতে চেয়েছিল। কিন্তু যতীনের পরিবারে তমালিকার ঠাঁই হয়নি। পরিবার দুটি অর্থনৈতিকভাবে স্বচ্ছল হওয়া সত্ত্বেও যতীনের পরিবারের সদস্যদের ধারণা ছেলের বিয়ের কারণে তাঁদের পারিবারিক মর্যাদা ক্ষুন্ন হয়েছে।

২৮। তমালিকা কর্মকারের যতীনের পরিবারে ঠাঁই না হওয়ার কারণ-
i জাতি-বর্ণ প্রথা ii সামাজিক শ্রেণী
iii সামাজিক পদমর্যাদা
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. ii ও iii গ. i, ii ও iii ঘ. iii

২৯। তমালিকার সামাজিক প্রতিষ্ঠার জন্য যা প্রয়োজন-
ক. সামাজিক পরিবর্তন
খ. ধর্মীয় মনোভাবের পরিবর্তন
গ. নারীর ক্ষমতায়ন ঘ. মূল্যবোধের পরিবর্তন

৩০। বুর্জোয়া শ্রেণীর উদ্ভব হয় কোন সমাজ ব্যবস্থার পর-
ক. সাম্যবাদী খ. সামন্ততান্ত্রিক
গ. সমাজতান্ত্রিক ঘ. দাস

৩১। আকারের ভিত্তিতে পরিবারকে কয়টি ভাগে ভাগ করা যায় ?
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি

৩২। সমাজের বদ্ধ ব্যবস্থা কোনটি ?
ক. ধর্ম খ. জাতিবর্ণ
গ. বংশমর্যাদা ঘ. কোনটিই নয়

৩৩। পুঁজিবাদী সমাজে অর্থ আহোরণের প্রধান উপায়-
ক. শোষণ খ. কারখানা স্থাপন
গ. শ্রমিকের স্বার্থে উৎপাদন ঘ. শ্রমিককে নায্যমূল্য প্রদান

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।

নাবিদ, হিল্লোল, আবির, নকীব ও সাহেদ ঘনিষ্ঠ বন্ধু। তারা ভালো ক্রিকেট খেলে এবং একই প্রতিষ্ঠানের সদস্য হয়ে বিভিন্ন টুর্ণামেন্টে অংশগ্রহণ করে।

৩৪। উদ্দীপকটিতে উল্লেখিত বন্ধুরা কোন দলের সদস্য ?
i প্রাথমিক ii মাধ্যমিক
iii আকস্মিক
নিচের কোনটি সঠিক ?
ক. i খ. ii গ. iii ঘ. ii ও iii

৩৫। "Life was either a feast or a fast" এটি কোন সমাজের অর্থনৈতিক অবস্থাকে নির্দেশ করে ?
ক. দাস নির্ভর খ. সমাজতান্ত্রিক
গ. সামন্ততান্ত্রিক ঘ. আদিম

৩৬। বুদ্ধিমত্তা কোন ধরনের সম্পত্তি ?
ক. বস্তুগত খ. অবস্তুগত
গ. প্রাকৃতিক ঘ. যৌথ

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।

ফিরোজ একজন কারখানার শ্রমিক। সৎ এবং দক্ষ শ্রমিক। বেতন, ভাতা, বোনাস ইত্যাদি নিয়ে কারখানার মালিকের সঙ্গে তার দ্বন্দ্বে সম্পর্কের অবনতি ঘটে। যে কোন সময় এসব বিষয় নিয়ে মালিক-শ্রমিকের মধ্যে সংঘর্ষ ঘটতে পারে।

৩৭। ফিরোজ কোন সমাজের প্রতিনিধিত্ব করে ?
ক. সামন্ত খ. পুঁজিবাদী
গ. দাস নির্ভর ঘ. সমাজতান্ত্রিক

৩৮। উদ্দীপকে যে সমাজ ব্যবস্থার নির্দেশ করা হয়েছে তার বৈশিষ্ট্য হলো-
i ব্যক্তিগত মুনাফার জন্য উৎপাদন
ii ভোক্তার স্বাধীনতা
iii ভূমি নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩৯। কৃষি যুগের প্রধান সম্পত্তি কোনটি ?
ক. পশু খ. লাঙ্গল
গ. জমি ঘ. টাকা পয়সা

৪০। দাসদেরকে উৎপাদনের জীবন্ত হাতিয়ার বলেছেন কোন সমাজ বিজ্ঞানী ?
ক. হব হাউজ খ. কার্ল মার্কস
গ. এ্যারিষ্টটল ঘ. প্লেটো

Copyright © Md Shah Jamal | ebd24.com
http://ebd24.com

সমাজবিজ্ঞান - প্রথম পত্র

(প্রাথমিক সমাজবিজ্ঞান)

সময়- ৪০ মিনিট পূর্ণমান- ৪০

বিষয় কোড 1 1 7

### খ বিভাগ - বহুনির্বাচনি প্রশ্ন

## উত্তরমালা

| এমসিকিউ আইটেম নং | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | ক |
| ২ | ক |
| ৩ | খ |
| ৪ | খ |
| ৫ | ক |
| ৬ | খ |
| ৭ | গ |
| ৮ | খ |
| ৯ | খ |
| ১০ | খ |
| ১১ | ক |
| ১২ | খ |
| ১৩ | খ |
| ১৪ | ঘ |
| ১৫ | খ |
| ১৬ | ক |
| ১৭ | ক |
| ১৮ | ক |
| ১৯ | গ |
| ২০ | খ |

| এমসিকিউ আইটেম নং | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ২১ | ক |
| ২২ | গ |
| ২৩ | ক |
| ২৪ | গ |
| ২৫ | ক |
| ২৬ | ক |
| ২৭ | খ |
| ২৮ | ক |
| ২৯ | খ |
| ৩০ | খ |
| ৩১ | ক |
| ৩২ | খ |
| ৩৩ | ক |
| ৩৪ | ক |
| ৩৫ | ঘ |
| ৩৬ | খ |
| ৩৭ | গ |
| ৩৮ | ক |
| ৩৯ | খ |
| ৪০ | গ |

Copyright @ Md Shah Jamal | ebd24.com

http://ebd24.com